

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
আগৈলঝাড়া, বরিশাল।

উপজেলা যুব ও ক্রীড়া কমিটির সভার কার্যবিবরণী:-

সভাপতিঃ মো: রফিকুল ইসলাম

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।

সভার স্থান:- উপজেলা পরিষদ কার্যালয়, আগৈলঝাড়া, বরিশাল।

তারিখ:- ০৯/০২/২০২৩

সময়:- ১১.০০ ঘটিকা

উপস্থিতির স্বাক্ষরঃ-পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর: তিনি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আগৈলঝাড়া জনাব দীনা খনকে সভা পরিচালনার দায়িত্ব অর্পণ করেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আগৈলঝাড়া, বরিশাল গত সভার রেজুলেশন পাঠ শুনান এবং সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়করণ করা হয়। অতপর: সভায় নিম্নোক্ত বিষয়গুলি নিয়ে বিশদভাবে আলোচনা করা হয়। ১. যুব উন্নয়ন অধিদপ্তর, আগৈলঝাড়া ৪২০ জন বেকার যুব/যুব নারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কিন্তু অত্র উপজেলায় প্রশিক্ষণের ব্যাপক চাহিদা রয়েছে বিধায় উপজেলা পরিষদে এডিবি এর বরাদ্দ থেকে বেকার যুব ও যুব নারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।

২. বেকার যুব ও যুব নারীদের আত্মকর্মসংস্থানের জন্য বর্তমানে ৪০,০০০/= (চল্লিশ হাজার) টাকা ঋণ প্রদান করা হচ্ছে। ঋণের টাকার পরিমাণ বাড়ানোর জন্য উপজেলা পরিষদ কমিটির মাধ্যমে রেজুলেশন করে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য আলোচনা করা হয়।

৩. যুব উন্নয়ন অধিদপ্তর, আগৈলঝাড়া, বরিশাল কয়েকটি যুব সংগঠন রয়েছে। উক্ত সংগঠন দ্বারা সামাজিক কর্মকাণ্ড পরিচালনা করা সম্ভব। সংগঠন গুলোকে সামাজিক কর্মকাণ্ডে পরিচালনায় উদ্বুদ্ধকরণের জন্য আলোচনা করা হয়। সিদ্ধান্তঃ উপরোল্লিখিত বিষয় উপজেলা পরিষদ সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্য বৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(মো: রফিকুল ইসলাম) ০৯.০২.২৩

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি  
যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি  
আগৈলঝাড়া, বরিশাল।

তারিখ:- ১১/০২/২৩

স্মারক নং-৩৪.০১.০৬০২.০০০.০৬.২২১.১৯.১৮

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।

২। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল

৩। জনাব..... সদস্য, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

৪। অফিস কপি।

(মো: আব্দুল করিম রহমান)  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
আগৈলঝাড়া, বরিশাল।

(আব্দুর রহমান সন্যামত)  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ও


সদস্য সচিব

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি  
আগৈলঝাড়া, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি  
আগৈলঝাড়া, বরিশাল ।

” নোটিশ ”

এতদ্বারা উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি এর স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০২/২০২৩ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা যুব ও ক্রীড়া স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে । উক্ত সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো ।

  
(মো: রফিকুল ইসলাম)

ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ

ও

সভাপতি  
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি  
আগৈলঝাড়া, বরিশাল ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ।

১।

২।

৩।

৪। অফিস কপি ।